

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ _ (40)

আরবী

وَعَن أُمِّ الْمُؤَمِنِينَ مَيمُونَةَ بِنتِ الحَارِثِ رَضِيَ اللهُ عَنهَا: أَنَّهَا أَعْتَقَتْ وَلِيدَةً وَلَمْ تَستَأْذِنِ النَّبِيَّ صلى الله عليه وسلم، فَلَمَّا كَانَ يَوْمُهَا الَّذِي يَدُورُ عَلَيْهَا فِيهِ، قَالَتْ: أَشَعَرْتَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، أنِي أعتَقْتُ وَلِيدَتِي؟ قَالَ: «أَوَ فَعَلْتِ؟» قَالَتْ: نَعَمْ. وَاللهِ عليه وسلم، أنِي أعتَقْتُ وَلِيدَتِي؟ قَالَ: «أَوَ فَعَلْتِ؟» قَالَتْ: نَعَمْ. قَالَ: « أما إنَّكِ لَوْ أعْطَيْتِهَا أخْوَالَكِ كَانَ أعْظَمَ لِأَجْرِكِ». مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

১৩/৩২৯। উম্মুল মু'মেনীন মায়মূনাহ বিনতিল হারেস রাদিয়াল্লাভ্ □আনহা কর্তৃক বর্ণিত, তিনি তাঁর একটি ক্রীতদাসীকে নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর অনুমতি না নিয়েই মুক্ত করলেন। অতঃপর যখন ঐ দিন এসে পৌঁছল, যেদিন তাঁর কাছে নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর যাওয়ার পালা, তখন মায়মূনাহ বললেন, 'হে আল্লাহর রাসূল! আমি যে আমার ক্রীতদাসীকে মুক্ত করে দিয়েছি, আপনি কি তা বুঝতে পেরেছেন?' তিনি বললেন, ''তুমি কি (সত্যই) এ কাজ করেছ?'' মায়মূনা বললেন, 'জী হাাঁ।' তিনি বললেন, ''তুমি যদি ক্রীতদাসীটিকে তোমার মামাদেরকে দিতে, তাহলে তুমি বেশী সওয়াব পেতে।'' (বুখারী ও মুসলিম) [1]

English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

It has been narrated that Maimuna bint Al-Harith (May Allah be pleased with her) had set free a slave-girl without the Prophet's permission. When her turn came (the Prophet (ﷺ) used to visit his wives in turns), she made mention of that to him saying, "Did you know I have set slave-girl free?" He said, "Have you, indeed?" She replied, "Yes". He (ﷺ) then remarked, "Had you given her to your maternal uncles, you would have your reward increased".



[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith brings out the following two points:

- 1) A woman is free to spend anything of her own property without the permission of her husband, but not of things owned by her husband.
- 2) To spend on the needy relatives is more meritorious than to set a slave free because to set a slave free is a Sadaqah (charity) only, while paying Sadaqah to a kinsman has a double merit as it carries the reward of Sadaqah as well as "maintaining the ties of kinship."

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৫৯২, মুসলিম ৯৯৯, আবূ দাউদ ১৬৯০, আহমাদ ২৬২৭৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন